

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ  
বাজেট শাখা-১১  
[www.mof.gov.bd](http://www.mof.gov.bd)

নং- ০৭.১১১.০৩১.০১.০০.০০২.২০১০-৭৬০


তারিখ : ২৪/১১/২০১৩ খ্রিঃ

**বিষয় : উন্নয়ন প্রকল্পে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের মহার্ঘ ভাতা প্রদান।**

আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, সরকার অন্তর্বর্তীকালীন ব্যবস্থা হিসেবে নিম্নবর্ণিত শর্তে উন্নয়ন প্রকল্পে নিয়োজিত সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীগণকে (আউট সোর্সিংসহ) নিম্নবর্ণিত শর্তে মূল বেতনের ২০ (বিশ) শতাংশ হারে মাসিক সর্বনিম্ন ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা এবং সর্বোচ্চ ৬,০০০/- (ছয় হাজার) টাকা হারে মহার্ঘ ভাতা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছেঃ

**শর্তাবলী :**

- (১) সাকুল্য বেতনে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারীদের ২০ শতাংশ হারে মহার্ঘ ভাতা প্রদানের ক্ষেত্রে অর্থ বিভাগের ২৬/০১/২০১০ তারিখের অম/অবি/বা-১১/বিবিধ-৫২/২০০৩/(অংশ-২)/৩৫ নং স্মারকমূলে জারীকৃত “সাকুল্য বেতন” নির্ধারনী ছকের ২নং কলামের প্রারম্ভিক বেতন, মূল বেতন হিসেবে বিবেচিত হবে ;
- (২) উন্নয়ন প্রকল্পে ‘আউট সোর্সিং’ এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮-এর ৪(ক) অনুচ্ছেদ অনুযায়ী ১৬-২০ নং প্রোডাক্ট ৩য় ও ৪র্থ শ্রেণীর পদে ‘আউট সোর্সিং’ এর ক্ষেত্রেও অর্থ বিভাগের ২৬/০১/২০১০ তারিখের ৩৫ নং স্মারকমূলে জারীকৃত “সাকুল্য বেতন” নির্ধারনী ছকের ২নং কলামের প্রারম্ভিক বেতন, মূল বেতন হিসেবে বিবেচিত হবে ;
- (৩) মহার্ঘ ভাতার সর্বনিম্ন পরিমাণ হবে মাসিক ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা এবং সর্বোচ্চ পরিমাণ মাসিক ৬,০০০/- (ছয় হাজার) টাকা;
- (৪) জুলাই ১৯৯৭ সালের পূর্বে শুরু হওয়া কোন প্রকল্পে ক্ষেত্রভিত্তিক নিয়োজিত কোন জনবল যদি অব্যাহতভাবে কর্মরত থাকেন, সেক্ষেত্রে তাঁরাও অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের ০৭/১০/২০১৩ তারিখের ০৭.০০.০০০০.১৬১.০৭.০০.০০০.১৩-২২৯ নং প্রজ্ঞাপন মোতাবেক ২০ (বিশ) শতাংশ হারে মহার্ঘভাতা প্রাপ্য হবেন;
- (৫) উপরে বর্ণিত মহার্ঘ ভাতা প্রদানের ফলে চলতি অর্থ বছরে (২০১৩-১৪) অতিরিক্ত যে অর্থের প্রয়োজন হবে তা প্রকল্পের রাজস্ব খাতের বরাদ্দ হতে পুনঃ উপযোজনের মাধ্যমে মেটাতে হবে। প্রকল্পের রাজস্ব খাত থেকে এ বাবদ ব্যয় মেটানো সম্ভব না হলে অর্থ বিভাগের সম্মতিক্রমে তা মূলধন খাত হতে মেটানো যেতে পারে। এ বাবদ নতুন কোন অর্থ বরাদ্দ করা হবে না এবং মোট প্রকল্প ব্যয়ও বৃদ্ধি করা যাবে না;
- (৬) এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং ১ জুলাই, ২০১৩ তারিখ হতে কার্যকর হয়েছে বলে গণ্য হবে।



(টি,কে,এম মোশফেকুর রহমান)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৫৭২০৩

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ৩। মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ।
- ৪। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব, ..... মন্ত্রণালয়/বিভাগ।
- ৫। অতিরিক্ত সচিব (সকল), অর্থ বিভাগ।
- ৬। যুগ্ম-সচিব/উপ-সচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব ..... , অর্থ বিভাগ।
- ৭। হিসাব মহানিয়ন্ত্রক, সেগুন বাগিচা, ঢাকা।
- ৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ..... মন্ত্রণালয়/বিভাগ।
- ৯। মাননীয় অর্থ মন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। অর্থ সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।